

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd


বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২২-২৩ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর)/২২ প্রতিবেদন।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২২-২৩ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২২) গত ২৯ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়। এ ক্ষেত্রে বিগত সভার কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গ্রহীত হয় তা বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

বিগত সেপ্টেম্বর /২২ (১ম ত্রৈমাসিক) মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতিতে নির্ধারিত আবেদন ফর্মের উল্লেখ থাকলেও ফর্মের কোন লিংক পাওয়া যায় নি। সেবা গ্রহীতা প্রয়োজনীয় আবেদন ফর্ম যাতে তাৎক্ষণিক পেতে পারেন সে জন্য যে সকল ক্ষেত্রে আবেদন প্রয়োজন সেক্ষেত্রে আবেদন Format এর soft copy link আকারে সিটিজেন চার্টার এ প্রদর্শিত সেবাসমূহের সাথে সংযুক্ত করার বিষয়টি আলোচনা করেন।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাসিক অন্তর অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও সেবাসমূহের সহজ এবং নির্ধারিত আবেদন ফর্মের সাথে আবেদনের ডিজিটাইজড লিংক (Digitalized Link) দিতে হবে।	শতভাগ
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত অনিক ও আপিল কর্মকর্তার তথ্য এবং অভিযোগ নিষ্পত্তি সময়সীমা উল্লেখের ওপর গুরুত্বারোপ করে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতিতে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত অনিক ও আপিল কর্মকর্তার তথ্য এবং অভিযোগ নিষ্পত্তির সময়সীমা উল্লেখ করতে হবে।	শতভাগ
৩.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত সিটিজেন চার্টার নির্দেশিকা ২০১৭, মোতাবেক সেবা গ্রহীতাগণের সেবা গ্রহণের ক্ষেত্রে প্রত্যাশাসমূহ অর্ন্তভুক্তকরণের জন্য সভায় আলোচনা করা হয়। সেবা গ্রহীতাগণ সহজভাবে সেবা গ্রহণের জন্য গ্রহীতার আবেদন যত নির্ভুল ও চাহিত তথ্য সমৃদ্ধ হবে সেবা প্রদান কার্যক্রম তত দ্রুততার সাথে বাস্তবায়িত হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত সিটিজেন চার্টার নির্দেশিকা ২০১৭, মোতাবেক সেবা গ্রহীতাগণের সেবা গ্রহণের ক্ষেত্রে প্রত্যাশাসমূহ অর্ন্তভুক্ত করতে হবে এবং তা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	শতভাগ

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব

ও
সদস্য সচিব
সিটিজেনস চার্টার কমিটি
ফোন: ৯৫১৩৫০০